

30

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে
আরও ভূয়া পরীক্ষার্থী
মৌখিক পরীক্ষা স্থগিত
চট্টগ্রাম অফিসে। চট্টগ্রাম ভাসি
টির প্রথম বর্ষ অনার্সের ভর্তি পরী
ক্ষায় মৌখিক পরীক্ষা চলাকালে
গতকাল রবিবার বাণিজ্য অনুষদে
আরও ১ জন ভূয়া পরীক্ষার্থী বরা
(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে
(১ম পৃ: পর)

পড়িয়েছে।

এদিকে গতকাল সকাল সাড়ে
১০টা নাগাদ ৫ ইউনিটের মৌখিক
পরীক্ষা চলাকালে অপর একজন
পরীক্ষার্থীর বিরুদ্ধে হাতের লেগার
অমিলসহ কতিপয় অভিযোগ উত্থা
পন করিলে পরীক্ষার্থী বিক্ষুব্ধ
হওয়া পড়ে। পরে উক্ত পরীক্ষার্থীর
নেতৃত্বে একদল ছাত্র ভাসিটির
কলা অনুষদের ডীন ও আশপাশের
কয়েকটি কক্ষে হামলা চালায়
বলিয়া ভাসিটি কর্তৃপক্ষ সূত্র
জানায়। ইহাতে বেশকিছু জিনিস
পত্র ক্ষতিগ্রস্ত হয়। ভাসিটির
৫-ইউনিটের পরীক্ষা কমিটির কর্ম
কর্তারা এ ঘটনার প্রতিবাদে পরীক্ষা
গ্রহণ হইতে বিরত থাকেন। ফলে
বিপুলসংখ্যক পরীক্ষার্থী মৌখিক
পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারে
নাই। চট্টগ্রাম ভাসিটির ভিসি
পরিস্থিতি মোকাবেলায় আজ
(সোমবার) মধ্যাহ্নে এক জরুরী
বৈঠক আহ্বান করিয়াছেন।

ভূয়া পরীক্ষার্থী আটকের
অব্যাহত ঘটনায় ছাত্রদল ভাসিটি
শাখার নেতৃবৃন্দ গভীর উদ্বেগ
প্রকাশ করিয়া ভূয়া পরীক্ষার্থী
দের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা
নেওয়ার দাবী জানাইয়াছে। গত
শনিবার শাখার এক সভায় ভাসি
টির নিরাপত্তা বিভাগের কর্মীদের
নিকট হইতে ভূয়া পরীক্ষার্থী
ছিনতাইয়ের ঘটনারও তীব্র নিন্দা
জানানো হয়। সভায় সভাপতিত্ব
করেন চাকসু এজিএস ও ভাসিটি
ছাত্রদল সভাপতি মাহবুবুর রহমান
শামীম।

